ধানমন্ডি থেকে অপহৃত স্কুলছাত্রী উদ্ধার, কক্সবাজারে আটক ২



অপহৃত স্কুলছাত্রীকে উদ্ধারের সময় দুজনকে গ্রেপ্তার করা হয়। ছবি: সংগৃহীত

ঢাকার ধানমন্ডি থেকে অপহরণের সাত দিন পর এক স্কুলছাত্রীকে কক্সবাজার থেকে উদ্ধার করেছে র‍্যাব। এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে দুজনকে আটক করা হয়েছে। মঙ্গলবার রাতে কক্সবাজার সদরের ঝিলংজা ইউনিয়নের লিংকরোড এলাকায় অভিযান চালিয়ে তাকে উদ্ধার করা হয়।

বুধবার গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করেন র‍্যাব-১৫ কক্সবাজার ব্যাটালিয়নের সহকারী পরিচালক (আইন ও গণমাধ্যম) আ ম ফারুক।

আটক দুজন হলেন ঢাকার উত্তরা থানার আটিপাড়া এলাকার তাওহীদ মোহাম্মদ মোস্তাকিম এবং কক্সবাজারের উখিয়া উপজেলার রাজাপালং ইউনিয়নের আবু সাঈদ। উদ্ধার হওয়া কিশোরী (১৫) ঢাকার ম্যাপল লিফ ইন্টারন্যাশনাল স্কুলের অষ্টম শ্রেণির শিক্ষার্থী।

র‍্যাব জানায়, গত ৬ মে ধানমন্ডিতে নিজ বাসার সামনে থেকে একদল দুর্বৃত্ত জোর করে তাকে একটি সাদা রঙের হাইয়েস গাড়িতে তুলে নিয়ে যায়। পরে পরিবারের পক্ষ থেকে ধানমন্ডি মডেল থানায় অপহরণ মামলা দায়ের করা হয়। ঘটনার পর থেকেই অপহৃত শিক্ষার্থীকে উদ্ধারে গোয়েন্দা নজরদারি বাড়ায় র‍্যাব।

মঙ্গলবার রাতে র‍্যাব জানতে পারে, অপহৃত শিক্ষার্থীকে নিয়ে কয়েকজন কক্সবাজারের লিংকরোড এলাকায় একটি বাসায় অবস্থান করছে। পরে সেখানে অভিযান চালালে কয়েকজন পালানোর চেষ্টা করে। ধাওয়া দিয়ে দুজনকে আটক করা হলেও অন্যরা পালিয়ে যায়। পরে বাসাটি তল্লাশি করে স্কুলছাত্রীকে উদ্ধার করা হয়।

র‍্যাবের প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা গেছে, আটক তাওহীদ দীর্ঘদিন ধরে ওই শিক্ষার্থীকে উত্ত্যক্ত করছিল। তার প্রেমের প্রস্তাবে রাজি না হওয়ায় সহযোগীদের নিয়ে অপহরণের ঘটনা ঘটানো হয়। উদ্ধার হওয়া শিক্ষার্থীকে পরিবারের কাছে হস্তান্তর এবং আটক দুজনকে আইনগত ব্যবস্থার জন্য কক্সবাজার সদর থানায় দেওয়া হয়েছে।